ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা।
www.dncc.gov.bd

## ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক আয়োজিত পবিত্র ঈদ জামাত অনুষ্ঠানের প্রস্তুতি সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মোঃ শফিকুল ইসলাম খান, প্রশাসক, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |
| তারিখ | : ২৩ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ ।। ০৮ মার্চ ২০২৬ |
| সময় | : বেলা-১১.০০ ঘটিকা। |
| স্থান | : ৬ষ্ঠ তলার মিনি কনফারেন্স সভা কক্ষ। |

সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট **"ক"**

সভার শুরুতে সভাপতি কর্তৃক ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক আয়োজিত ঈদ জামাত অনুষ্ঠানের সাথে জড়িত প্রতিষ্ঠান/প্রতিনিধি/ঠিকাদারসহ সংশ্লিষ্ট সকল পক্ষ এবং বিভিন্ন সংস্থা থেকে আগত কর্মকর্তাগণকে স্বাগত জানানো হয়। সভায় ঈদ জামাত অনুষ্ঠানের বিষয়ে গঠনমূলক মতামত প্রদানের জন্য অনুরোধ করা হয়।

সভায় জানানো হয় যে, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন বিপুল সংখ্যক নগরবাসীর জন্য পবিত্র ঈদুল ফিতর একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ধর্মীয় ও সামাজিক উৎসব। ঈদের আনন্দ সকল শ্রেণি-পেশার মানুষের মাঝে সুশৃঙ্খল, নিরাপদ ও উৎসবমুখর পরিবেশে ছড়িয়ে দেওয়ার লক্ষ্যে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের পক্ষ হতে গত বছরের ন্যায় এ বছরও বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রের পশ্চিম পার্শ্বে অবস্থিত সাবেক বাণিজ্য মেলার মাঠে বৃহৎ পরিসরে পবিত্র ঈদুল ফিতরের ঈদ জামাত এর আয়োজন করা প্রয়োজন। উক্ত জামাতে বিপুল সংখ্যক মুসল্লীর সমাগম হবে আশা করা যাচ্ছে। উক্ত ঈদ জামাত আয়োজনের জন্য প্যান্ডেল, তোরণ, অজুখানা ইত্যাদি নির্মাণ, সজ্জিতকরণ, মাঠ ও রাস্তার প্রয়োজনীয় সংস্কার, পরিস্কার-পরিচ্ছন্নতা ও মশার ঔষুধ ছিটানো, মোবাইল টয়লেট নির্মাণসহ আনুষংগিক কার্যক্রম দ্রুত সম্পন্ন করা প্রয়োজন মর্মে অভিমত ব্যক্ত করা হয়। সভায় আয়োজিত ঈদ জামাত অনুষ্ঠানের সার্বিক পরিস্থিতি পর্যালোচনা করা হয়।

সভায় ঈদ জামাত অনুষ্ঠানের সার্বিক নিরাপত্তা বিধানে কত প্লাটুন পুলিশ থাকবে, মুসুল্লিদের অজু ও সুপেয় পানির ব্যবস্থা, বিদ্যুৎ ব্যবস্থাপনা, মাঠ লেভেলকরণ, মাঠে পানি ছিটানো, প্যান্ডেলের যাতায়াত পথ, কার্পোট বিছানো, সিসি ক্যামেরা স্থাপনসহ অনুষ্ঠানের প্রচার ও আনুষঙ্গিক বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভায় দ্রুততম ও যথাসময়ে সমস্ত কাজ সুষ্ঠু বাস্তবায়নের স্বার্থে আলাদা আলাদা প্যাকেজে বিভক্ত করে DPM পদ্ধতিতে ঠিকাদার নিয়োগ করে প্রকৌশল বিভাগ কর্তৃক কাজটি বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে মর্মে আলোচনা হয়। এছাড়াও কাজের ধরণ মোতাবেক প্যান্ডেল ও কার্পেটিং এর জন্য একটি প্যাকেজ এবং সাউন্ড সিস্টেম,সিসি ক্যামেরা,গেট নির্মাণসহ প্রভৃতি লজিষ্টিক এর জন্য আর একটি প্যাকেজে বিভক্ত করে কাজ বাস্তবায়ন করার বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়। বিস্তারিত পর্যালোচনা ও আলোচনান্তে সকলের মতামতের ভিত্তিতে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-০১ | : | সভায় দ্রুততম ও যথাসময়ে সমস্ত কাজ সুষ্ঠু বাস্তবায়নের স্বার্থে আলাদা আলাদা প্যাকেজে বিভক্ত করে DPM পদ্ধতিতে ঠিকাদার নিয়োগ করে প্রকৌশল বিভাগ কর্তৃক কাজটি বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে। কাজের ধরণ মোতাবেক প্যান্ডেল ও কার্পেটিং এর জন্য একটি প্যাকেজ এবং সাউন্ড সিস্টেম,সিসি ক্যামেরা,গেট নির্মাণসহ প্রভৃতি লজিস্টিক এর জন্য আর একটি প্যাকেজে বিভক্ত করে কাজ বাস্তবায়ন করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | প্রধান প্রকৌশলী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br>আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা অঞ্চল-৫, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-০২ | : | সভায় বাণিজ্য মেলায় পুরাতন মাঠে ঈদ জামাত আয়োজনের জন্য প্যান্ডেল, তোরণ ইত্যাদি নির্মাণ, সজ্জিতকরণ, মাঠের পরিস্কার-পরিচ্ছন্নতা ও মশার ঔষুধ ছিটানোর বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | প্রধান প্রকৌশলী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br>প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br>প্রধান বজ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br>আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা অঞ্চল-৫, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-০৩ | : | ঈদ জামাতে আগত জনসাধারণের নিরাপত্তায় ২(দুই) প্লাটুন পুলিশ নিয়োজিতকরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | ঢাকা মেট্রোপলিটন পুলিশ। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-৪ | : | ঈদ জামাতে আগত জনসাধারণের গাড়ী পার্কিং ব্যবস্থাসহ রাস্তায় যানজট নিরসনের জন্য ট্রাফিক বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। |
| বাস্তবায়ন | : | ঢাকা মেট্রোপলিটন পুলিশ। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-০৫ | : | পবিত্র ঈদ জামাত আয়োজনে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকল্পে ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিমিটেড (ডেসকো) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। |
| বাস্তবায়ন | : | ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিমিটেড (ডেসকো) |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-০৬ | : | ঈদজামাত মাঠে কি পরিমাণ বিদ্যুৎ এর প্রয়োজন হবে তার একটি লোড হিসাব করতে নিতে হবে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বা পক্ষের সাথে সমন্বয় করে সার্বক্ষণিক বিদ্যুৎ সচল রাখার বিষয়টি নিশ্চত করতে হবে। |

| | | |
|---|---|---|
| বাস্তবায়ন | : | নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ) , ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-৭ | : | ঢাকা ওয়াসা থেকে ঈদ জামাত অনুষ্ঠানের জন্য ২০০০০ বোতল পানি সরবরাহ করতে হবে এ বিষয়ে প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন বিভাগ প্রয়োজনীয় সমন্বয় করবেন। |
| বাস্তবায়ন | : | ঢাকা ওয়াসা।<br>প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-৮ | : | ঈদ জামাতে আগত মুসল্লীগণের ওযু ও সুপেয় পানি সরবরাহ নিশ্চিত কল্পে প্রয়োজনীয় সংখ্যক পানিসহ ট্রাক/লরি সরবরাহের বিষয়ে ঢাকা ওয়াসা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। |
| বাস্তবায়ন | : | ঢাকা ওয়াসা। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-৯ | : | ঈদ জামাতে নামাজ পড়ানোর জন্য একজন ইমাম ও একজন অপেক্ষমান ইমাম প্রেরণের জন্য ইসলামী ফাউন্ডেশন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। |
| বাস্তবায়ন | : | ইসলামী ফাউন্ডেশন, বাংলাদেশ। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-১০ | : | নামাজের সুবিধার্থে মাঠ লেভেল করতে হবে এবং পানি ছিটাতে হবে। |
| বাস্তবায়ন | : | বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-১১ | : | ঈদগাহ মাঠে সুচারুরূপে কার্পেট বিছানোর কাজ সম্পন্ন করতে হবে। |
| বাস্তবায়ন | : | সংশ্লিষ্ট ঠিকাদার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-১২ | : | প্যান্ডেলের মোট চারটি দরজা থাকবে একটি দরজা মহিলাদের জন্য তিনটি দরজা পুরুষদের জন্য। বাকী দরজা পথগুলো বন্ধ করে দিতে হবে। |
| বাস্তবায়ন | : | সংশ্লিষ্ট ঠিকাদার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-১৩ | : | সার্বিক নিরাপত্তার অংশ হিসেবে ঈদ জামাত এরিয়া সিসি ক্যামেরার আওতায় থাকবে বিশেষ করে জামাতে এন্টি পয়েন্টের মেইন দরজায় একটি সিসি ক্যামেরা থাকবে যাতে করে আগত সকল মুসুল্লীদের একটি সচিত্র পরিসংখ্যান থাকে। |
| বাস্তবায়ন | : | সংশ্লিষ্ট ঠিকাদার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-১৪ | : | ঈদ জামাতের শৃংখলা রক্ষার্থে স্কাউট/স্বেচ্ছাসেবী/গালস্ গাইডগণ সার্বিক সহযোগীতা করবেন। স্কাউট/স্বেচ্ছাসেবী/গালস্ গাইড প্রেরণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে পত্র দিতে হবে। বিভিন্ন প্রতিষ্ঠান থেকে আগত স্কাউট/স্বেচ্ছাসেবী/গালস্ গাইডগণ ডিএনসিসির নিরাপত্তা কর্মকর্তা, জনাব জিয়াউল হক ভূঞার (মোবাইল নং-০১৭১১২২৬৭৫৮) নিকট রির্পোট করবেন। |
| বাস্তবায়ন | : | জনাব জনাব জিয়াউল হক ভূঞা (মোবাইল নং-০১৭১১২২৬৭৫৮), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br>ও<br>এ সংশ্লেষে অন্যান্য সকল পক্ষ সমন্বয় করবেন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-১৫ | : | ঈদ জামাত অনুষ্ঠানের বিষয়ে সকল আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা মাইকিং এর ব্যবস্থা গ্রহণ করবেন। |
| বাস্তবায়ন | : | সকল আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-১৬ | : | ঈদ জামাত অনুষ্ঠানের প্রয়োজনীয় সংখ্যক মোবাইল টয়লেট স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। |
| বাস্তবায়ন | : | প্রধান প্রকৌশলী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ শফিকুল ইসলাম খান
প্রশাসক
ও
সভাপতি
ঈদ জামাত প্রস্তুতিমূলক সভা
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

নং: ৪৬.১০.০০০০.০০৬.৯৯.৪১৬.২৬-২১৭

তারিখ: ২৩ ফাল্গুন ০৮ মার্চ ২০২৬

বিতরণ কার্যার্থে:

..............................................

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. বিভাগীয় প্রধান (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
২. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩. প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪. প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর স্টাফ অফিসার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৫. সিস্টেম এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন সভার কার্যবিবরণীটি (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৬. সহকারী সচিব, সংস্থাপন-১ ও ২, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৭. অফিস কপি।